অঙ্কুর

স্ট্রম ফাউন্ডেশনের সহায়তায় কোস্ট ট্রাস্ট কতৃক পরিচালিত সিডস প্রকল্প কার্যক্রমের মাসিক বুলেটিন,মে ২০১৭ জৈষ্ঠ্য ১৪২৪ বঙ্গাব্দ

ইউনিয়ন পরিষদের সাথে সিড্স কর্মসূচির ওয়াড কমিটির পরিকল্পনা শেয়ারিং সভা

গর্জনিয়া ইউনিয়নে ওয়াড কমিটির পরিকল্পনা শেয়ারিং সভা

সিড্স কর্মসূচির আওতাধীন কক্সবাজার সদর, রামু এবং পেকুয়া উপজেলার ওয়ার্ড পর্যায়ের জনসংগঠন গুলো তাদের উন্নয়ন পরিকল্পনা স্বস্ব ইউনিয়ন পরিষদের সাথে শেয়ার করেন। ইউনিয়ন পরিষদে সভা অনুষ্ঠানের মধ্য দিয়ে ওয়াড কমিটির উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে ইউনিয়ন পরিষদ হতে সম্ভাব্য সহায়তা প্রাপ্তির বিষয় সমূহ তুলে ধরেন।
রামু উপজেলার রাজারকুল এবং গর্জনিয়া ইউনিয়নে সভা সমূহ অনুষ্ঠিত হয়। পেকুয়া উপজেলার মগনামা এবং শিলখালি ইউনিয়নে সভা সমূহ অনুষ্ঠিত হয়। কক্সবাজার সদর উপজেলার ইসলামপুর এবং ভারুয়াখালি ইউনিয়নে সভা সমূহ অনুষ্ঠিত হয়। সভা সমূহ অনুষ্ঠিত হয় ইউনিয়ন পরিষদ হল রুমে এবং চেয়ারম্যানের কক্ষে। সভা গুলোতে উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ সদস্য, সচিব, স্থানীয় সম্মানিত ব্যক্তিবর্গ এবং সিড্স কর্মসূচির ওয়াড কমিটির নেতৃবৃন্দ।চেয়ারম্যান গণ ওয়ার্ড কমিটির পাশে আছেন এবং সবসময় থাকবেন এবং ওয়ার্ড কমিটি তাদের সমস্যা সম্পর্কে জানালে তারা সমাধানের জন্য যথাসাধ্য চেষ্টা করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

সিড্স কর্মসূচির কমিউনিটি সার্ভিস প্রোবাইডারদের সহয়তা করণ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে

প্রশিক্ষণে সম্পর্ক উন্নয়ন সেশনে অংশগ্রহণকারীরা

কক্সবাজার সদর, রামু এবং পেকুয়া উপজেলার সিড্স কর্মসূচির আওতাধীন ১২টি ইউনিয়নের সার্ভিস প্রোভাইডারদের সহায়তা করণ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ২১ মে ২০১৭ খ্রিঃ তারিখে কক্সবাজার সদর উপজেলায়, ২২ মে ২০১৭ খ্রিঃ তারিখে রামু উপজেলায়, ২৪ মে ২০১৭ খ্রিঃতারিখে পেকুয়া উপজেলায় এ প্রশিক্ষণ সম্পন্ন হয়। প্রশিক্ষণে প্রত্যেক ইউনিয়নের কৃষি বিষয়ক এবং প্রণিসম্পদ বিষয়ক সেবাদানকারীরা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ হতে কমিউনিটি ভিত্তিক সেবাদানকারীরা সহায়তা করণের উন্নত কলাকৌশল সম্পর্কে ধারণা লাভ করেন।বয়ঃষ্ক শিক্ষা, হতে কলমে প্রশিক্ষণের গুরুত্ব, অংশগ্রহণ মূলক প্রশিক্ষণের গুরুত্ব, প্রশিক্ষনার্থীদের মনোযোগ আকর্ষণ এর কৌশল প্রভৃতি বিষয়ে আলোচনা করা হয়। মাঠ পর্যায়ে কোর্টইয়ার্ড সেশন এবং বয়ঃষ্কদের প্রশিক্ষণে তাদের দক্ষতা উন্নয়নই ছিল এ প্রশিক্ষণের মূল উদ্দেশ্য।

কৃষি এবং প্রণিসম্পদ বিষয়ে হাতে কলমে সেবা দিয়ে যাচ্ছেন কমিউনিটি ভিত্তিক সেবাদানকারীরা

কৃষি বিষয়ক সিএসপি লায়লা আফাজ এসআরজি সদস্যদের প্রশিক্ষণ দিচ্ছেন

সিড্স কর্মসূচির ১২টি ইউনিয়েনে ৪৮ জন সেবাদানকারী কমিউনিটির লোকদের প্রণিসম্পদ এবং কৃষির উন্নয়নে প্রশিক্ষণ ও সহায়তা দিয়ে যাচ্ছেন।২৪ জন প্রণিসম্পদ এবং ২৪ জন কৃষি বিষয়ে সেবা দিয়ে থাকেন।কৃষি বিষয়ক সেবাদানকারীরা ২০১৫ সালে ৫ দিনের প্রশিক্ষণ এবং পরবর্তি প্রত্যেক বছর ২ দিনের প্রশিক্ষণ পেয়ে থাকেন।উপজেলা কৃষি কর্মকর্তা অথবা উপ সহকারী কৃষি কর্মকতা এ প্রশিক্ষণ দিয়ে থাকেন।উন্নত চাষাবাদ পদ্ধতি এবং ভাল বীজের ব্যবহার এর উপর অধিক গুরুত্ব দেয়া হচ্ছে, পাশাপাশি জৈব সারের ব্যবহারে উৎসাহিত করা হচ্ছে। রাসায়নিক সার ব্যবহার কমিয়ে এবং অল্প পরিমানে ব্যবহার করে কি ভাবে অধিক উৎপাদন করা যায় এ বিষয়ে সচেতনতা তৈরী করা হচ্ছে। এত কর্মসূচির আওতাধীন ইউনিয়নে কৃষি উৎপাদন ব্যপক হারে বেড়েছে।প্রায় সকল পরিবার এখন বাড়ির আঙ্গিনায় সব্জি চাষ করে।অনেকে জমি লিজ নিয়ে ও চাষাবাদ শুরু করেছেন। হত দরিদ্র পরিবার সমূহ সচ্ছলতার মুখ দেখছে।

সিড্স কর্মসূচির ১২টি ইউনিয়নে সিডিউল অনুযায়ি সফল ভাবে চলছে হাঁস, মুরগী ও কবুতরের টিকাদান কর্মসূচি

সিডিউল তৈরী করে হাঁস, মুরগী এবং কবুতর গুলোকে টিকা প্রদান করছেন কমিউনিটি ভিত্তিক সেবাদান কারী গণ

সিড্স কর্মসূচির আওতাধীন কক্সবাজার সদর, রামু এবং পেকুয়া উপজেলার ১২টি ইউনিয়নে কমিউনিটি ভিত্তিক সেবাদানকারী এবং ওয়াড কমিটির উদ্যোগে এলাকার হাঁস, মুরগী এবং কবুতর গুলোকে এলাকা ভিত্তিক সিডিউল তৈরী করে রানীক্ষেত ও ড্রাগপ্লেগ এর টিকা দেয়া হয়।

পিয়ার ফ্যাসিলিটেটরদের নেতৃত্ব উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে

পিয়ার ফ্যাসিলিটেটরদের নেতৃত্ব উন্নয়নের লক্ষে ২ দিন ব্যাপী লিডারশীপ প্রশিক্ষণের আয়োজন করা হয়।রামু ও কক্সবাজার সদরে এই প্রশিক্ষণ আয়োজন করার পর পেকুয়া উপজেলায় এই প্রশিক্ষন সম্পন্ন হয় যথাক্রমে ২২ ও ২৩ তারিখ। সর্বমোট ৮ জন কিশোরী এই প্রশিক্ষণে অংশগ্রহণ করে। জীবন দক্ষতার বিভিন্ন বিষয় ও সেশন পরিচালনার বিভিন্ন ধাপ নিয়ে আলোচনা করা হয় ২ দিন ব্যাপি এই প্রশিক্ষণে।প্রশিক্ষণ পরিচালনা করেন পেকুয়া উপজেলা সমন্বয়কারী মিসেস সায়রা ও সিড্স প্রোগ্রামের শিক্ষা অফিসার জনাব হোসাইন আহমেদ।অংশগ্রহণকারী কিশোরিরা ১ বছর সংলাপ পরিচালনার অভিজ্ঞতা অর্জন করে এবং পরবর্তী ১ বছর তাদের করনীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করে।এর পাশাপাশি দক্ষতা ও নেতৃত্ব উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরা হয়।

প্রোগ্রাম অফিসারদের (শিক্ষা) রেইনফোরসিং ওয়ার্কসপ

স্ট্রমি ফাউন্ডেশনের উদ্দোগে সিড্স প্রকল্পের শিক্ষা অফিসারদের নিয়ে তিন দিন ব্যাপি ওয়ার্কসপের আয়োজন করা হয় বাগেরহাট কোডেক ট্রেইনিং সেন্টারে।সংলাপ, মক্তব, ব্রীজ স্কুল, ই.এস.পি ইত্যাদি চলমান এডুকেশন কম্পোনেন্টের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয় এই ওয়ার্কসপে। ছয়টি পার্টনার অর্গানইজেশনের শিক্ষা কর্মকর্তা ছাড়াও স্ট্রমি ফাউন্ডেশনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন এই ওয়ার্কসপে।

রামু উপজেলায় এডুকেশন কম্পোনেন্ট নিয়ে আলোচনা

রামু উপজেলায় কয়েকটি এডুকেশন কম্পোনেন্ট ভিজিটের পর প্রকল্পের সাথে সম্পৃক্ত শিক্ষা বিষয়ক বিভিন্ন বিষয় আলোচনা করেন প্রকল্প ব্যবস্থাপক জনাব জাহাঙ্গীর আলম। সভায় আরো উপস্থিত ছিলেন সিড্স শিক্ষা কর্মকর্তা ও উপজেলা কর্মকর্তাবৃন্দ।

এই প্রকাশনাটি তৈরীতে প্রকল্পের সকল পর্যায়ের সহকর্মীগণ তথ্য এবং ছবি দিয়ে সহযোগীতা করেছেন।

সিডস প্রোগ্রাম, কোস্ট কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্র।
ফোন: ০৩৪১-৬৩১৮৬, ফ্যাক্স: ০৩৪১-৬৩১৮৯, মোবাইলঃ ০১৭১৩-৩২৮৪২৭।
ই-মেইল:

web: www.coastbd.net